গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

১৪

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.৪২.৬৫০০.০৪২.১৪.১১১.১৭.**২৪৩০**

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮ / ২৫ নভেম্বর ২০২১

**বিষয় : ২০২১-২০২২ অর্থবছরে নড়াইল জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রস্তাবিত স্কিম অনুমোদন।**

সূত্র : জেলা পরিষদ, নড়াইল এর স্মারক জেপ/নড়া/সাঃ/১-১/২০২১/৫৯০, তারিখ: ০৩ নভেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২০২২ অর্থবছরে নড়াইল জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৩৬.৫০ লক্ষ (ছত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২১টি স্কিম বাস্তবায়নের অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, প্রস্তাবিত স্কিম তালিকার ক্রমিক নং-১৪ ও ১৫-এ মোট ২.০০ লক্ষ (দুই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে পাঠাগার সংক্রান্ত দু'টি স্কিমের প্রস্তাব করা হয়েছে। কিন্তু স্কিম দু'টির রেজিষ্ট্রেশন নম্বর/ কোন প্রমাণক প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি।

২। এমতাবস্থায়, উক্ত দু'টি স্কিম ব্যতীত অন্যান্য ১৯টি স্কিম বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো। পাশাপাশি, ক্রমিক নং-১৪ ও ১৫ এ উল্লিখিত মোট ২.০০ লক্ষ (দুই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে পাঠাগার সংক্রান্ত স্কিম দু'টির রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**শর্তাবলী:**
পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

২৫/১১/২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নড়াইল

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)